# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ১২৯টি প্রতিষ্ঠানকে ৫.২১ লক্ষ টাকা জরিমানা

**৯ মে ২০১৯ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, মাদারীপুর, রাজশাহী, মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মানিকগঞ্জ, নেত্রকোণা, শরীয়তপুর, গাজীপুর, ময়মনসিংহ, রাজবাড়ী, কিশোরগঞ্জ, শেরপুর, রংপুর, দিনাজপুর, কক্সবাজার, কুমিল্লা, ভোলা, যশোর, পটুয়াখালী, পঞ্চগড়, বাগেরহাট, কুড়িগ্রাম, নওগাঁ, সিরাজগঞ্জ, খুলনা, ফেনী, কুষ্টিয়া, বগুড়া, নোয়াখালী, নাটোর, গাইবান্ধা, চুয়াডাঙ্গা, নড়াইল ও বরিশালে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়েরউপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব মোঃ মাসুম আরেফিন, জনাব আফরোজা রহমান, জনাব ইন্দ্রানী রায় ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক রামপুরা, সবুজবাগ, তেজগাঁও ও কেরানীগঞ্জ এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে দেশি সুপার সপ ও বিক্রমপুরকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে ক্যাফে আলী রেস্তোরাকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে প্রটিন কর্ণারকে২,০০০/- (দুই হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে আলমের গোসতের দোকান, মোতালেবের গোসতের দোকান, জয়নাল স্টোর, মাশআল্লাহ গোসতো বিতান, এলাহি মিট হাউজ, মকবুলের গোসতের দোকান, মায়ের দোয়া গোসতো বিতান, স্বন্দিপের গোসতের দোকান, রুপসি বাংলা সোগতো বিতান, আল্লাহর দান মায়ের দোনা গোস্ত বিতান, মায়ের দোয়া গোস্ত বিতান, শাজাহান জেনারেল স্টোরকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট **১,০৭,৫০০/- (এক লক্ষ সাত হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব রজবী নাহার রজনী ও জনাব প্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর বাসাবো, সবুজবাগ ও রামপুরা এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৭টি প্রতিষ্ঠানকে **১৫,৭০০/- (পনের হাজার সাতশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৪১টি** বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **১০২টি** প্রতিষ্ঠানকে **৩,৮৬,৪০০/- (তিন লক্ষ ছিয়াশি হাজার চারশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে **৪টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৪ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,০০০/- (তিন হাজার)** টাকা প্রদান করা হয়।

গত ৯ মে ২০১৯ তারিখে **৪৮টি** বাজার তদারকি ও **৪টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১২৯টি** প্রতিষ্ঠানকে মোট **৫,২১,৬০০/- (পাঁচ লক্ষ একুশ হাজার ছয়শত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে **৪ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,০০০/- (তিন হাজার)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
ফাহমিনা আক্তার
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থনীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/দৈনিক সংবাদ/ভোক্তা কণ্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।